# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 08-11-2025** **Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) বুথ লেভেল অফিসার বিএলও-রা বাড়ি বাড়ি না গিয়ে অন্য জায়গা থেকে এন্যুমারেশন ফর্ম বিলি করছেন, এমন অভিযোগের ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা নেবে নির্বাচন কমিশন।

২) রাজ্যের একাধিক পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে রদবদল।

৩) স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য এ মাসের ১৭ তারিখ থেকে নথি যাচাইয়ের প্রক্রিয়া শুরু হবে।

৪) দ্বিতীয় হুগলী সেতু আগামীকাল ভোর পাঁচটা থেকে রাত ৯-টা পর্যন্ত যানবাহন চলাচলের জন্য বন্ধ থাকবে।

৫) সিএবি এবং রাজ্য সরকারের পক্ষ থেকে আজ ইডেনে মহিলা ক্রিকেট বিশ্বকাপজয়ী দলের সদস্য রিচা ঘোষকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

৬) কলকাতায় অনুষ্ঠিত হতে চলেছে ফিট ইন্ডিয়া সাইক্লোথন।

ooooooooooooooooooooooooooo

বুথ লেভেল অফিসার বিএলও-রা এন্যুমারেশন ফর্ম বাড়ি বাড়ি না গিয়ে অন্য জায়গা থেকে বিলি করছেন, এমন অভিযোগের ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা নেবে নির্বাচন কমিশন। বিএলও-দের কাজকর্মের উপর নজরদারির জন্য জেলা স্তরে কন্ট্রোল রুম তৈরি করতে বলা হয়েছে। প্রতি ১০ টি বুথের জন্য একজন করে বিএলও সুপারভাইজার নিয়োগের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন। কোন বিএলও ঠিক মত দায়িত্ব না পালন করলে তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হতে পারে বলে জানানো হয়েছে। এখনও পর্যন্ত ৮ জন বিএলও-কে শোকজ করেছে কমিশন। বিএলও সংক্রান্ত কোন অভিযোগ থাকলে একটি হেল্পলাইন নম্বরও চালু করেছে কমিশন। এটি হলো ০৩৩-২২৩১-০৮৫০।

সম্প্রতি বিধি মেনে বিএলও-রা যাতে শুধুমাত্র ভোটারদের বাড়ি গিয়ে এই ফর্ম বিলি করেন তা নিশ্চিত করতে প্রত্যেক জেলার নির্বাচনী আধিকারিক তথা জেলাশাসকদের নির্দেশ দেওয়া হয়েছে। সেই নির্দেশে বলা হয়েছে এস আই আর-এর ফর্ম বিলি বা জমা নেওয়ার ক্ষেত্রে বিহার মডেল অনুসরণ করতে হবে। অর্থাৎ তা বাড়িতে গিয়ে দেওয়া এবং সংগ্রহ করার কাজ করতে হবে সংশ্লিষ্ট বিএলও-কে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার হরিশচন্দ্রপুরে তৃণমূল কংগ্রেসের জেলা পরিষদ সদস্যের বাড়ি থেকে এন্যুমারেশন ফর্ম বিলির অভিযোগ উঠেছে বিএলও-র বিরুদ্ধে। সুলতাননগর এলাকায় বুলবুল খান নামে ওই তৃণমূল নেত্রী বাড়িতে সহায়তা শিবির খোলা হয়েছে। সেখানে বসেই সংশ্লিষ্ট বুথের দায়িত্বপ্রাপ্ত বিএলও অমিত কুমার ফর্ম বিলি করছেন বলে অভিযোগ করেছে বিজেপি।

তৃণমূল কংগ্রেস অবশ্য অভিযোগ অস্বীকার করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস SIR নিয়ে দ্বিচারিতা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জি SIR করতে দেবেন না বলে পথে নেমে আন্দোলন করছেন।

অন্যদিকে SIR নিয়ে নির্বাচন কমিশনের ডাকা বৈঠকে শাসক দল অংশগ্রহণ করে এই প্রক্রিয়ায় সম্মতি জানিয়েছে। পাশাপাশি SIR নিয়ে মিথ্যাচার ও ভুল তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা চলছে।

( বাইট- শুভেন্দু SIR )

এস আই আর সংক্রান্ত কাজে যে কোন সমস্যার ক্ষেত্রে বিজেপি জেলা ভিত্তিক হেল্পলাইন নম্বর প্রকাশ করেছে। সকাল ৯-টা থেকে সন্ধ্যা ৬-টা পর্যন্ত সাধারণ মানুষ ওই হেল্পলাইন নম্বরগুলিতে ফোন করতে পারবেন বলে সামাজিক মাধ্যমে এক পোস্টে বিরোধী দলনেতা জানিয়েছেন।

oooooooooooooooooooooo

এবার ভোটার তালিকায় নিবিড় সংশোধনী-র জন্য এনুমারেশন ফর্ম অনলাইনে'ও পূরণ করা যাবে। গতরাত ১১'টা নাগাদ চালু হয়েছে এই সুবিধে। বাড়ি থেকে দূরবর্তী স্থানে থাকলে কিভাবে আবেদনপত্র পূরণ করা যাবে তাই নিয়ে অনেকের মনেই প্রশ্ন ছিল। তাই বাড়ি বাড়ি গণনা পত্র বণ্টনের সঙ্গে অনলাইনে ফর্ম কবে পাওয়া যাবে তা বিএলওদের কাছে জানতে চাইছিলেন অনেকেই।

https://voters.eci.gov.in ওয়েবসাইটে গিয়ে সার্ভিসেসের-এর আওতায় SIR-এর আবেদনপত্র পূরণ করা যাবে। এর সঙ্গে আপলোড করতে হবে ভোটারের দুটি ফটো।

oooooooooooooooooooooooo

এন্যুমারেশন ফর্ম পুরণের ক্ষেত্রে সাধারণ মানুষকে সাহায্য করার জন্য পর্যাপ্ত সংখ্যক কর্মী নিয়োগের আবেদন জানিয়ে নির্বাচন কমিশনে চিঠি পাঠিয়েছেন, কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। ওই চিঠিতে অধীরবাবু লিখেছেন, রাজ্যের অনেক মানুষই এই ফর্ম পূরণ করতে গিয়ে সমস্যার সম্মুখীন হচ্ছেন। এরাজ্যের শাসক দল এসআইআর-এর নামে মানুষের মধ্যে ভীতির সঞ্চার করছে বলেও অভিযোগ করেছেন তিনি।

oooooooooooooooooooooooo

রাজ্যের একাধিক পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান পদে রদ বদলের সিদ্ধান্ত নিয়েছে তৃণমূল কংগ্রেস। উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গ মিলিয়ে মোট ৪২ টি পুরসভায় নেতৃত্বে বদল করার পরিকল্পনা রয়েছে বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। ইতিমধ্যেই উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও ময়নাগুড়ি পুরসভার চেয়ারম্যান, মাল পুরসভায় ভাইস চেয়ারম্যান বদল হয়েছে। পরিবর্তন এসেছে ডালখোলা পুরসভাতেও। রায়গঞ্জ পুর প্রশাসক বোর্ডে সদস্য সংখ্যা কমানো হয়েছে।

দক্ষিণবঙ্গেও , দুর্গাপুর পুরসভার প্রশাসকমণ্ডলীর চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের নাম নতুন করে ঘোষণা করা হয়েছে। পাশাপাশি পূর্ব বর্ধমান জেলার কাটোয়া, কালনা ও দাঁইহাট পুরসভার চেয়ারম্যান বদল করা হয়েছে। কাটোয়া ও গুসকরা পুরসভার ভাইস চেয়ারম্যান পদেও এসেছে নতুন মুখ।

পূর্ব মেদিনীপুরের তমলুক ও এগরা পুরসভার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদেরও সরানোর সিদ্ধান্ত নিয়েছে তৃণমূলের শীর্ষ নেতৃত্ব। বারাসাত ও বনগাঁ পুরসভার চেয়ারপারসন বদল করা হচ্ছে। হুগলির বাঁশবেড়িয়া এবং চুঁচুড়া পুরসভার চেয়ারম্যান কে পদত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooo

এদিকে, নির্দেশ সত্ত্বেও উত্তর ২৪ পরগনা বনগাঁর পৌরপ্রধান তৃনমূল কংগ্রেসের গোপাল শেঠ পদত্যাগ না করায় রাজনৈতিক মহলে জল্পনা শুরু হয়েছে। সাত দিনের মধ্যে পদত্যাগ না করলে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে আনুষ্ঠানিকভাবে দলের তরফে জানিয়ে দেওয়া হয়েছে। দলীয় সূত্রে খবর, সম্প্রতি বারাসাত পৌরসভার পৌরপ্রধান পদ থেকে অশনি মুখোপাধ্যায় দলীয় নির্দেশে পদত্যাগ করেছেন। তাঁর জায়গায় নতুন পৌরপ্রধান হিসেবে দায়িত্ব নিয়েছেন সুনীল মুখার্জি। কিন্তু বনগাঁ পৌরসভার ক্ষেত্রে গোপাল শেঠ এখনও পর্যন্ত চেয়ারম্যানের পদে বহাল থাকায় দলের অভ্যন্তরে এর প্রভাব পড়তে শুরু করেছে বলে মনে করছেন রাজনৈতিক পর্যবেক্ষকরা।

oooooooooooooooooo

স্কুল সার্ভিস কমিশনের একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য এ মাসের ১৭ তারিখ থেকে নথি যাচাইয়ের প্রক্রিয়া শুরু হবে। গতকাল একাদশ ও দ্বাদশ শ্রেণীর শিক্ষক নিয়োগের পরীক্ষার ফল এসএসসি প্রকাশ করলেও ফলাফল দেখতে গিয়ে এখনো সমস্যায় পড়তে হচ্ছে বলে অনেক পরীক্ষার্থীর অভিযোগ। এসএসসি কর্তৃপক্ষের বক্তব্য, একসঙ্গে বহু মানুষ ওয়েবসাইটে ফলাফল দেখতে যাওয়ায় সার্ভারে সমস্যা হয়েছে।

ওয়েবসাইটে গিয়ে রোল নাম্বার দিয়ে নিজেদের প্রাপ্ত নম্বর দেখতে পাচ্ছেন পরীক্ষার্থীরা। যারা ইন্টারভিউয়ের জন্য ডাক পাবেন তাদের তালিকা কয়েক দিনের মধ্যেই প্রকাশ করা হবে। ১৭ তারিখ থেকে তাদের নথিপত্র যাচাই হবে বলে বিজ্ঞপ্তি প্রকাশ করে এসএসসি জানিয়েছে। এরই মধ্যে আবার কলকাতা হাইকোর্টে একটি মামলা হওয়ায় নতুন করে সংশয় তৈরি হয়েছে চাকরিপ্রার্থীদের মধ্যে। যোগ্য শিক্ষক শিক্ষিকা অধিকার মঞ্চের তরফে মেহবুব মন্ডল বলেন, কোনো যোগ্য শিক্ষক শিক্ষিকা

এবারের পরীক্ষায় ইন্টারভিউয়ে ডাক না পান তাদের বিষয়ে সরকার কি ভাবছে, তা স্পষ্ট করতে হবে।

oooooooooooooooooo

স্বর্ণ ব্যাবসায়ী স্বপন কামিল্যাকে  অপহরন ও খুনের ঘটনায় ধৃত দু-জনের ১২ দিনের পুলিশ হেফাজত হয়েছে। এই ঘটনায় বিধাননগর দক্ষিণ থানার পুলিশ  আজ ভোর রাতে রাজগঞ্জের  বিডিও প্রশান্ত বর্মনের গাড়ীর চালক  রাজু ঢালি ও প্রশান্তর ঘনিষ্ট বন্ধু তুফান থাপাকে গ্রেপ্তার করে। পুলিশ সূত্রে জানা যায় তুফান উত্তরবঙ্গের একজন ঠিকাদার। ধৃতেরা এই খুনের সঙ্গে জড়িত বলে পুলিশ জানিয়েছে।  আজ তাদের বিধাননগর আদালতে তোলা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, স্বর্ণ ব্যাবসায়ী স্বপন কামিল্যাকে গত ২৮ তারিখ তার সোনার দোকান থেকে অপহরণ করে, বিডিওর নিউটাউনের ফ্লাটে নিযে যাওয়া হয়।

৩০-শে অক্টোবর যাত্রাগাছির খালে ঐ স্বর্ন ব্যাবসায়ী দেহ পাওয়া যায়।

oooooooooooooooooo

সংস্কারের কাজের জন্য দ্বিতীয় হুগলী সেতু অর্থাৎ বিদ্যাসাগর সেতু আগামীকাল ১৬ ঘণ্টা বন্ধ থাকছে । ভোর পাঁচটা থেকে রাত ৯-টা পর্যন্ত এই সেতু দিয়ে যান চলাচল বন্ধ থাকবে বলে কলকাতা পুলিশের তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। হাওড়া ব্রীজের দিকে যানবাহন ঘুরিয়ে দেওয়ার কারণে আগামীকাল সেন্ট জর্জেশ গেট এবং স্ট্র্যান্ড রোডে যানজটের আশঙ্কা করা হচ্ছে।

oooooooooooooooooo

সিএবি এবং রাজ্য সরকারের পক্ষ থেকে আজ ইডেনে মহিলা ক্রিকেট বিশ্বকাপজয়ী দলের সদস্য রিচা ঘোষকে সংবর্ধনা দেওয়া হয়। সি এ বির তরফে রিচা ঘোষের হাতে

সোনার ব্যাট, সোনার বল ও ফাইনাল ম্যাচে ৩৪ রানের গুরুত্বপুর্ণ ইনিংস খেলার জন্য ৩৪ লক্ষ টাকার চেক তুলে দেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

এরপর রাজ্য সরকারের তরফে মুখ্যমন্ত্রী রিচা ঘোষকে বঙ্গভূষণ পুরস্কারে সম্মানিত করা হয়। সোনার চেন উপহার দেবার পাশাপাশি তার হাতে রাজ্য পুলিশের ডি এস পি পদে চাকরির নিয়োগ পত্র, চেক তুলে দেন মুখ্যমন্ত্রী।

রিচা ঘোষ বলেন, বিশ্বকাপ জয় করে শিলিগুড়িতে ফিরে ও আজ কলকাতায় যেভাবে তাকে স্বাগত জানানো হয়েছে তাতে তিনি আপ্লুত। নির্দিষ্ট লক্ষ্য নিয়ে লাগাতার অনুশীলনের ফলেই এবারের বিশ্বকাপে ১২ টি ছয় মেরে সবচেয়ে বেশি ছয় মারার রেকর্ড গড়তে পেরেছেন বলে রিচা জানিয়েছেন।

বাইট

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেন, বিশ্বকাপ জয়ী ভারতীয় দলের প্রত্যেক সদস্যের জন্য তিনি গর্বিত।

বাইট

সি এ বি সভাপতি সৌরভ গাঙ্গুলি বলেন, বিশ্বকাপের প্রতিটি ম্যাচে রিচা ধারাবাহিক ভাবে গুরুত্বপুর্ণ সময়ে রান করে গেছেন।

বাইট

ভারতের মহিলা দলের প্রাক্তন অধিনায়ক ঝুলন গোস্বামী রিচাকে অভিনন্দন জানিয়ে আগামী দিনের সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে ক্রীড়া মন্ত্রী অরুপ বিশ্বাস, রিচা ঘোষের বাবা মা, প্রাক্তন ক্রিকেটার তথা ক্রীড়া প্রতিমন্ত্রী মনোজ তিওয়ারি , মহিলা ক্রিকেট দলের নির্বাচক শ্যামা শ, বাংলার প্রাক্তন

মহিলা ক্রিকেটাররা, কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা, অভিনেত্রী মিমি চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০

উত্তুরে হাওয়া প্রবেশের কারণে কলকাতা সহ গোটা রাজ্যেই আগামী কয়েকদিন তাপমাত্রার পারদ কিছুটা কমবে বলে আবহাওয়া দফতর জানিয়েছে। সপ্তাহের মাঝামাঝি নাগাদ তাপমাত্রা, তিন থেকে চার ডিগ্রি কমতে পারে। পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা অনেকটাই কমবে বলে জানিয়েছেন আবহ বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

(বাইট – সৌরিশ)

০০০০০০০০০০০০০০০০০০

কলকাতায় অনুষ্ঠিত হতে চলেছে ফিট ইন্ডিয়া সাইক্লোথন। কেন্দ্রীয় সরকারের ফিট ইন্ডিয়া আন্দোলন , স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া, কোল ইন্ডিয়া এবং একটি বেসরকারি সংস্থার উদ্যোগে আগামীকাল সকালে প্রায় সাড়ে তিন হাজার প্রতিযোগী এই সাইক্লোনে অংশ নিতে চলেছেন । আজ কলকাতা SAI মাঠে এক অনুষ্ঠানে আয়োজক সংস্থার পক্ষ থেকে জানানো হয় ম্যারাথন এর পর এই সাইক্লোথন শহরের প্রত্যেকের মনে সাইকেল নিয়ে আকর্ষণ বাড়াবে । বিধান নগর পুলিশ কমিশনারেটের কমিশনার মুকেশ বলেন, এই উদ্যোগ প্রশংসনীয়। তিনি নিজেও সাইক্লথনে অংশ নেবেন বলে জানান। আগামীকাল সকালে SAI এর সামনে থেকে ৭৫, ৫০, ২৫ ও দশ কিলোমিটার বিভাগে এই এই প্রতিযোগিতা শুরু হবে।

০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০